গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৪
(www.pwd.gov.bd)

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১১.১১.৪০২.২২-৩৫ তাং ২৩/১২/১৪২৮
০৬/০৪/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০২.০০০০.০১৪.১১.০১৬.১৫.৩৮৩ তাং ০৪/১০/২০২০ খ্রিঃ এর পরিপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের গ্রেড-১৪ হতে ১৬ গ্রেডভূক্ত নিম্ন বর্ণিত (৩য় শ্রেণীর) শূণ্য পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে কেবলমাত্র অনলাইন এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদ সংখ্যা ও বেতনক্রম গ্রেড | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | ষ্টেনোটাইপিষ্ট কাম-কম্পিউটার অপারেটর<br>১০,২০০-২৪,৬৮০/-, গ্রেড-১৪ | ২৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) বাংলা ও ইংরেজীতে সাঁটলিপির গতি প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ কম্পিউটার টাইপের গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ।<br>(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা কর্তৃক ২৪-০৯-২০১৯ তারিখ জারীকৃত মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৩ অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। |
| ২। | জরিপকারী<br>১০,২০০-২৪,৬৮০/-, গ্রেড-১৪ | ১৪টি | সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ডিপ্লোমাধারী । |
| ৩। | নকশাকার<br>৯,৭০০-২৩,৪৯০/-, গ্রেড-১৫ | ১০৬টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে ড্রাফটিং সনদপত্রসহ এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | কার্য সহকারী<br>৯,৩০০-২২,৪৯০/-, গ্রেড-১৬ | ২৩টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি অথবা এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষায় উত্তীর্নসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২,৪৯০/-, গ্রেড-১৬ | ১৮০টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপের গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ২০ শব্দ।<br>(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা কর্তৃক ২৪-০৯-২০১৯ তারিখ জারীকৃত মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৪ অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। |
| ৬। | হিসাব সহকারী<br>৯,৩০০-২২,৪৯০/-, গ্রেড-১৬ | ১০১টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিষয়সহ এইচ.এস.সি পরীক্ষায় ২য় বিভাগ/সমমানের জিপিএসহ উত্তীর্ণ। |
| ৭। | ট্রেসার<br>৯,৩০০-২২,৪৯০/-, গ্রেড-১৬ | ০১টি | ড্রয়িং বিষয়সহ এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট পদ= | ৪৪৯টি | |

**শর্তসমূহঃ**

১। উপরে উল্লেখিত পদের জন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। ১৭ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। ক্রমিক নম্বর ১ ও ৫ পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়স সীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। গণপূর্ত অধিদপ্তরে কেবলমাত্র সেটআপ ভুক্ত পদে (মাস্টার রোল, ওয়ার্কচার্জড, অস্থায়ী নিয়মিত, ভাউচার, আউটসোর্সিং ব্যতিত) কর্মরত কর্মচারীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন। বিভাগীয় প্রার্থী হিসেবে আবেদনকারীগণ তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের (নির্বাহী প্রকৌশলীর নিম্নে নয়) নিকট হতে নাম, পদবী, কর্মস্থল এবং কোন তারিখ হতে কর্মরত আছেন সে বিষয়ে সনদ গ্রহণপূর্বক আবেদনের সাথে আপলোড করবেন। বয়স প্রমাণে জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (জন্ম নিবন্ধন ওয়েব সাইট হতে পরীক্ষা করা হবে।)

৩। একজন ব্যক্তি উপরে উল্লিখিত পদসমূহের যেকোন একটির জন্য আবেদন করতে পারবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত এক সেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। এ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বা আংশিক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮। নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন প্রকার অসংগতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৯। MCQ ও লিখিত উভয় পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে (www.pwd.gov.bd) পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

আবেদন করতে আগ্রহী ব্যক্তি http://recruitment.pwd.gov.bd ওয়েবসাইট-এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭ এপ্রিল ২০২২ খ্রিঃ সকাল ১০:০০ টা।
- Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ মে ২০২২ খ্রিঃ বিকাল ০৫:০০ টা।
- Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও ল্যাব প্রিন্টকৃত রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- আবেদনকারীর শিক্ষা, অভিজ্ঞতা, দক্ষতা ইত্যাদি সংক্রান্ত সনদের কপি আবেদনের সাথে আপলোড করতে হবে।
- Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তীতে বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি আবেদন কোড, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's Copy download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। ফরম পূরণ করে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে আবেদন ফী জমা দিতে হবে। পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং সার্ভিস চার্জ ০৪/-(চার) টাকাসহ মোট ১০৪ (একশত চার) টাকা অনলাইনে জমা দিতে হবে । এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pwd.gov.bd ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

SMS-এ প্রেরিত আবেদন কোড ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রবেশপত্রটি MCQ, লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ব্যবহারযোগ্য।

**জালিয়াতি প্রতিরোধঃ**

- ইনভিজিলেটর/পরীক্ষা পরিদর্শকগণ আবেদনকারীদের এডমিট কার্ডের বারকোড স্ক্যান করবেন।
- পরীক্ষা পরিদর্শকগণ আবেদনকারীর তাৎক্ষণিক ছবি তুলবেন, যা আবেদনের সময় প্রদত্ত ছবির সাথে Digitally যাচাই করা হবে।
- সফল যাচাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহনের অনুমতি দেওয়া হবে, এবং যাচাইয়ে ব্যর্থ প্রার্থীকে পরীক্ষা থেকে বহিষ্কার করে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সোপর্দ করা হবে।
- উভয় ছবিই পরবর্তীতে প্রার্থীর সত্যতা যাচাইয়ের জন্য সিস্টেম সংরক্ষণ করবে।

AANoor 04/4/2022

(আহমেদ আব্দুল্লাহ নূর)
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সদস্য সচিব
বিভাগীয় বাছাই, নিয়োগ ও পদোন্নতি কমিটি।